দক্ষিণাঞ্চলের উপযোগী কৃষি প্রযুক্তি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, নভেম্বর, ২০১৩.

বাংলা মাসের নাম : পৌষ

ইংরেজি মাসের নাম : ডিসেম্বর

দুর্যোগের নাম : শৈত্য প্রবাহ

দুর্যোগ পূর্বপ্রস্তুতি :

রাতের তাপমাত্রা ১২-১৩ ডিগ্রী স্েলসিয়াস এবং দিনের তাপমাত্রা ২৮-২৯ ডিগ্রী সেলসিয়াস হলে শৈত্য প্রবাহের ক্ষতির সম্ভাবনা আছে।

কৃষি আবহাওয়ার তথ্য পেতে ক্লিক করুন

দুর্যোগকালীন/দুর্যোগ পরবর্তী প্রস্তুতি :

১। বীজতলার সময় শৈত্য প্রবাহ হলে ৩-৫ সেমিঃ পানি ধরে রাখা এবং স্বচ্ছ পলিথিন ছাউনি দিয়ে ঢেকে রাখতে হবে।

২। শৈত্য প্রবাহ শুরু হলে দেরীতে চারা রোপন করতে হবে।

৩। রোপনের পর কুশি অবস্থায় শৈত্য প্রবাহ শুরু হলে ৫-৭ সেমিঃ পানি রাখতে হবে।

তথ্যের উৎস :

আধুনিক ধানের চাষ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ২০তম সংস্করণ, জুন-২০১৭।

বাংলা মাসের নাম : শ্রাবণ

ইংরেজি মাসের নাম : জুলাই

দুর্যোগের নাম : আকস্মিক বন্যা

দুর্যোগ পূর্বপ্রস্তুতি :

কৃষি আবহাওয়ার তথ্য পেতে ক্লিক করুন

* বন্যা প্রবণ এলাকার জন্য সহনশীলজাত ব্রি ধান৫১ ও ব্রি ধান৫২ জাতের আবাদের পরিকল্পনা করুন।

* নাবী জাতের যেমন নাইজারশাইল, বিনাশাইল, বিআর২২, বিআর২৩ ও ব্রি ধান৪৬ এর বীজতলা তৈরি করুন।

* ভাসমান বীজতলা তৈরি করুন।

ভাসমানবীজতলাঃ ভাসমান বীজতলা তৈরির জন্য প্রথমে বন্যার পানি, পুকুর, ডোবা বা খালের উপর বাশেঁর চাটাইয়ের মাচা বা কলা গাছের ভেলা তৈরি করতে হবে। তার উপর১-২ ইঞ্চি পুরু কাদার স্তর দিয়ে কাঁদায় বীজতলা তৈরি করতে হবে। এরপর স্বাভাবিক নিয়মে বীজ জাগ দিয়ে অংকুর বের করে ঐ অংকুরিত বীজ বীজতলায় ফেলতে হবে। বীজতলা যাতে ভেসে না যায় সেজন্য খুটির সাথে বেধে রাখতে হবে।

দুর্যোগকালীন/দুর্যোগ পরবর্তী প্রস্তুতি :

১। বন্যার পানি সরে যাওয়ার ৭ দিন পর পানি স্প্রে করে গাছের পাতা ধুয়ে দিতে হবে।

২। বন্যার ৭-১০ দিন পর জমি আগাছা মুক্ত করে ইউরিয়া উপরিপ্রয়োগ এবং বিঘা প্রতি ৩ কেজি এম ও পি সার প্রয়োগ করতে হবে।

৩। যেখানে বীজতলা করার সুবিধা নেই সেখানে বন্যামুক্ত এলাকা হতে ৩০-৪০ দিন বয়সের ধানের গুছি থেকে ২/৩ টি কুশি ভেঙ্গে নতুন জমিতে রোপন করতে হবে।

তথ্যের উৎস :

আধুনিক ধানের চাষ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ২০তম সংস্করণ, জুন-২০১৭।

বাংলা মাসের নাম : চৈত্র

ইংরেজি মাসের নাম : মার্চ

দুর্যোগের নাম : খরা

দুর্যোগ পূর্বপ্রস্তুতি :

১। পুকুর, জলাশয়, খাল ও ডোবায় বৃষ্টির পানি ধরে রাখা

২। আবহাওয়ার প্রতি নজর রাখা ও সে অনুযায়ী পরিকল্পনা করা।

৩। নিচু জমিতে বোরো ধানের চাষ করুন।

৪। জৈব সার ব্যবহার করুন।

৫। খরা সহনশীল জাত যেমন ব্রি ধান৩২,ব্রি ধান৩৩, ব্রি ধান৩৯, ব্রি ধান৪২, ব্রি ধান৪৩, ব্রি ধান৫৬, ব্রি ধান৫৭ ইত্যাদি চাষ করা

কৃষি আবহাওয়ার তথ্য পেতে ক্লিক করুন

দুর্যোগকালীন/দুর্যোগ পরবর্তী প্রস্তুতি :

জমির আইল উচু করে অধিক পানি সংরক্ষণ করুন। প্রয়োজনে সম্পূরক সেচের ব্যবস্থা করুন।

তথ্যের উৎস :

আধুনিক ধানের চাষ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ২০তম সংস্করণ, জুন-২০১৭।

পোকামাকড় ও দমন ব্যবস্থা

পোকার নাম : লেদা পোকা

পোকা চেনার উপায় : পূর্ণ বয়স্ক মথের পাখার বিস্তৃত ১ ইঞ্চি। পূর্ণ বয়স্ক মথ গাছের নিচে গুচ্ছাকারে ডিম পারে। ডিম গুলি রেশমি লোম দ্বারা আবৃত।

ক্ষতির ধরণ : প্রথমাবস্থায় কীড়াগুলো শুধু পাতা খায়, বয়স্ক কীড়া সম্পূর্ণ পাতাই খেয়ে ফেলতে পারে। এরা চারা গাছের গোড়াও কাটে। পাতার পাশ থেকে কেটে এমনভাবে খায় যে ধান গাছের কান্ড অবশিষ্ট থাকে।

আক্রমণের পর্যায় : বাড়ন্ত পর্যায়

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : কীড়া

ব্যবস্থাপনা :

জমিতে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্থ হলে কার্বারিল জাতীয় কীটনাশক (যেমন সেভিন ৩০ গ্রাম ১০ লিটার পানিতে মিশিয়ে) অথবা ম্যালাথিয়ন জাতীয় কীটনাশক (যেমন ফাইফানন ২০ মিলিলিটার বা সাইফানন ৫৭ ইসি ৩০ মিলিলিটার প্রতি ১০ লিটারপানিতে মিশিয়ে) ১০ দিন পরপর ২-৩ বার স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

জমি ও বীজতলা পরিদর্শন করুন। পুর্বের ফসল কাটার পর জমি চাষ দিয়ে রাখুন অথবা নাড়া পুড়িয়ে ফেলুন। আলোক ফাঁদ ব্যবহার করুন।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

আধুনিক ধানের চাষ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ২০তম সংস্করণ, জুন-২০১৭।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : শিষ কাটা লেদা পোকা

পোকা চেনার উপায় : পূর্ণ বয়স্ক মথের পাখার বিস্তৃত ১ ইঞ্চি। পূর্ণ বয়স্ক মথ গাছের নিচে গুচ্ছাকারে ডিম পাড়ে। ডিম গুলি রেশমি লোম দ্বারা আবৃত।

ক্ষতির ধরণ : কীড়াগুলো প্রাথমিক অবস্থায় পাতার পাশ থেকে কেটে খায়। কীড়াগুলো বড় হলে আধা পাকা বা পাকা ধানের শীষের গোড়া থেকে কেটে দেয় এবং এজন্য এর নাম শীষকাটা লেদা পোকা। বোনা ও রোপা আমনের এটি অত্যন্ত ক্ষতিকারক পোকা।

আক্রমণের পর্যায় : শীষ অবস্থা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : কীড়া

ব্যবস্থাপনা :

জমিতে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্থ হলে কার্বারিল জাতীয় কীটনাশক (যেমনসেভিন ৩০ গ্রাম ১০ লিটার পানিতে মিশিয়ে) অথবা ম্যালাথিয়ন জাতীয় কীটনাশক (যেমন ফাইফানন ২০ মিলিলিটার বা সাইফানন ৫৭ ইসি ৩০ মিলিলিটার প্রতি ১০লিটার পানিতে মিশিয়ে) ১০ দিন পরপর ২-৩ বার স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

জমি ও বীজতলা নিয়মিত পরিদর্শন করুন।

অন্যান্য :

নাড়া পুড়িয়ে ফেলুন। জমিতে ডাল বা কঞ্চি দিয়ে পোকাখেকো পাখি বসার ব্যবস্থা করুন। জমিতে সেচ প্রদান করুন।

তথ্যের উৎস :

আধুনিক ধানের চাষ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ২০তম সংস্করণ, জুন-২০১৭।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : লম্বা শুঁড় উরচুঙ্গা

পোকা চেনার উপায় : এদের গায়ের রঙ সোনালি এবং লাফিয়ে চলে।

ক্ষতির ধরণ : পাতার কিনারা ও শিরা বাকি থাকে। ক্ষতিগ্রস্থ পাতা ঝাঝরা হয়ে যায়।

আক্রমণের পর্যায় : বাড়ন্ত পর্যায়

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : পূর্ণ বয়স্ক

ব্যবস্থাপনা :

কুইনালফস জাতীয় কীটনাশক (যেমন কনভয়/ গেটলাক্স/ ইকোলাক্স ২৫-৩০ মিলিলিটার প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে প্রতি ৫ শতক জমিতে) শেষ বিকেলে স্প্রে করতে হবে। ঔষধ স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

জমি ও বীজতলা পরিদর্শন। জমিতে ডাল বা কঞ্চি দিয়ে পোকা খেকো পাখি বসার ব্যবস্থা করা।

অন্যান্য :

হাতজাল দিয়ে পোকা ধরে মেরে ফেলুন।

তথ্যের উৎস :

আধুনিক ধানের চাষ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ২০তম সংস্করণ, জুন-২০১৭।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

বালাইনাশক নির্দেশিকাওয়েবসাইট, ১২/০২/২০১৮।

পোকার নাম : ঘাস ফড়িং

পোকা চেনার উপায় : পূর্ণ বয়স্ক পোকা ১-২ ইঞ্চি লম্বা সবুজ হয়, পিছনের পা লম্বা বলে এরা লাফিয়ে চলে।

ক্ষতির ধরণ : পূর্ণ বয়স্ক ঘাসফড়িং ও বাচ্চা উভয়ই ধান গাছের ক্ষতি করে থাকে। এরা ধানের পাতার পাশ থেকে শিরা পর্যন্ত খায়। ঘাসফড়িং এর বিভিন্ন প্রজাতি এক সাথে অনেক সংখ্যায় ক্ষেত আক্রমণ করে। তাদেরকে ইংরেজীতে লোকাষ্ট এবং বাংলায় পংগপাল বলা হয়।

আক্রমণের পর্যায় : বাড়ন্ত পর্যায়

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : পূর্ণ বয়স্ক

ব্যবস্থাপনা :

ডায়াজিনন জাতীয় কীটনাশক (যেমন সার্বিয়ন ৬০ ইসি ৩০ মিলিলিটার) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার ভালভাবে স্প্রে করুন।

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

পূর্ব-প্রস্তুতি :

জমি ও বীজতলা নিয়মিত পরিদর্শন করুন।

অন্যান্য :

আলোক ফাঁদ ব্যবহার। হাতজালের প্রতি টানে একটি পোকা পাওয়া যা হাত দিয়ে মেরে ফেলুন। আরো বিস্তারিত জানতে নিকটস্থ কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : সাদা পিঠ গাছ ফড়িং

পোকা চেনার উপায় : পোকা ৩-৪ মিলি লম্বা, গায়ের রঙ বাদামি এবং পিঠে সাদা দাগ থাকে।

ক্ষতির ধরণ : ধান গাছের গোড়ার বসে রস শুষে খায়। ফলে হপারবার্ন হয় বা ধানের ক্ষেত পুড়ে গেছে মনে হয়।

আক্রমণের পর্যায় : বাড়ন্ত পর্যায়

ফসলের যে অংশে আক্রমণ করে : কান্ডের গোঁড়ায়

পোকার যেসব স্তর ক্ষতি করে : পূর্ণ বয়স্ক

ব্যবস্থাপনা :

আইসোপ্রোকার্ব জাতীয় কীটনাশক (যেমন মিপসিন বা সপসিন ৩০ গ্রাম ১০ লিটার পানিতে মিশিয়ে) ১০ দিন পর পর ২-৩ বার বিকালে স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

জমি ও বীজতলা নিয়মিত পরিদর্শন করুন।

অন্যান্য :

আলোক ফাঁদ ব্যবহার।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : ছাতরা পোকা

পোকা চেনার উপায় : স্ত্রী ছাতরা পোকা খুব ছোট, লালচে সাদা রঙের, নরম দেহবিশিষ্ট, পাখাহীন এবং গায়ে সাদা মোমজাতীয় পদার্থের আবরণ থাকে। এরাই গাছের ক্ষতি করে। এক সাথে অনেকগুলো ছাতরা পোকা গাছের কান্ড ও খোল এবং পাতার খোলের মধ্যবর্তী জায়গায় থাকে। পুরুষ পোকা অনুপাতে সংখ্যায় খুবই কম বলে বিশেষ ক্ষতি করতে পারে না।

ক্ষতির ধরণ : গাছের কান্ড ও পাতার খোলের মধ্যবর্তীস্থানে একত্রে অধিক সংখ্যক থাকায় সাদা মোমের মত দেখা যায়। আক্রমণ তীব্র হলে গাছে শিষ বের হয় না।

আক্রমণের পর্যায় : কুশি

ফসলের যে অংশে আক্রমণ করে : কান্ড , পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : পূর্ণ বয়স্ক

ব্যবস্থাপনা :

আক্রমণ বেশি হলে ফেনিট্রথিয়ন জাতীয় কীটনাশক (যেমন সুমিথিয়ন বা ফলিথিয়ন ২০ মিলিলিটার প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে) ১০ দিন পর পর ২-৩ বার ভালভাবে স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

জমি ও বীজতলা নিয়মিত পরিদর্শন করুন।

অন্যান্য :

আক্রান্ত গাছ তুলে মাটিতে পুতে ফেলতে হবে। আরো বিস্তারিত জানতে নিকটস্থ কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : থ্রিপস

পোকা চেনার উপায় : উকুনের মত ছোট চিকন কালো ও লম্বাটে। বাচ্চা পোকা সাদা।

ক্ষতির ধরণ : পাতায় ক্ষত সৃষ্টি করে রস শুষে খায় ফলে পাতা লম্বা লম্বি ভাবে মুড়ে যায়।

আক্রমণের পর্যায় : কুশি, চারা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : পূর্ণ বয়স্ক

ব্যবস্থাপনা :

আক্রমণ বেশি হলে ইমিডাক্লোরোপ্রিড জাতীয় কীটনাশক (যেমন এডমায়ার অথবা টিডো ৭-১০ মিলিলিটার /২ মুখ) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার স্প্রে করতে হবে।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

জমি ও বীজতলা নিয়মিত পরিদর্শন করুন।

অন্যান্য :

৫ গ্রাম সাবানের গুড়া ও নিমের রস ১ লিটার হারে পানিতে গুলে স্প্রে করতে পারেন। আরো বিস্তারিত জানতে নিকটস্থ কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন। হলুদ/সাদা আঠালো ফাঁদ ব্যবহার করুন।

হলুদ ফাঁদ বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : সবুজ পাতা ফড়িং

পোকা চেনার উপায় : পূর্ণ বয়স্ক পোকা ৩-৫ মিলি লম্বা হয়, উজ্জ্বল সবুজ রঙের পোকা কালো দাগ থাকে।

ক্ষতির ধরণ : পাতার রস শুষে খায়। ফলে ঐ গাছের বৃদ্ধি কমে যায় ও গাছ খাটো হয়।

আক্রমণের পর্যায় : বাড়ন্ত পর্যায়, চারা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা , কচি পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : পূর্ণ বয়স্ক

ব্যবস্থাপনা :

আইসোপ্রোকার্ব জাতীয় কীটনাশক (যেমন মিপসিন বা সপসিন ৩০ গ্রাম ১০ লিটার পানিতে মিশিয়ে) ১০ দিন পর পর ২-৩ বার বিকালে স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

নিয়মিত জমি পরিদর্শন করুন।

অন্যান্য :

আলোক ফাঁদ ব্যবহার করুন।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : গান্ধি

পোকা চেনার উপায় : ধুসর বর্ণের এবং সরু আকৃতির। পা এবং সূর দুইটি লম্বা।

ক্ষতির ধরণ : গান্ধি পোকা ধানের দানা আক্রমণ করে। পূর্ণবয়স্ক এবং বাচ্চা পোকা (নিম্ফ) উভয়েই ধানের ক্ষতি করে। ধানের দানায় যখন দুধ সৃষ্টি হয় তখন ক্ষতি করলে ধান চিটা হয়ে যায়। এরপরে আক্রমণ করলে ধানের মান খারাপ হয়ে যায় এবং চাল ভেঙ্গে যায়।

আক্রমণের পর্যায় : শীষ অবস্থা

ফসলের যে অংশে আক্রমণ করে : ফল

পোকার যেসব স্তর ক্ষতি করে : পূর্ণ বয়স্ক , নিম্ফ

ব্যবস্থাপনা :

আক্রমণ বেশি হলে বালাইনাশক ব্যবহার করা যেমন ম্যালাথিয়ন জাতীয় কীটনাশক (যেমন ফাইফানন বা হিলথিয়ন ২০ মিলিলিটার) অথবা ক্লোরপাইরিফস জাতীয় কীটনাশক (যেমন ডার্সবান ২০ মিলিলিটার) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পরপর ২-৩ বার স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

নিয়মিত জমি পরিদর্শন করুন। আলোক ফাঁদ ব্যবহার করুন।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

শামুকের মাংসের সংঙ্গে বালাইনাশক মিশিয়ে কাপড়ের পুটলিতে বেঁধে ধানের দুধ আসার সময় বিষ ফাঁদ হিসেবে ক্ষেতের বিভিন্ন স্থানে ব্যবহার করতে পারেন।

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : বাদামি গাছ ফড়িং

পোকা চেনার উপায় : প্রথম পর্যায়ের বাচ্চাগুলোর রং সাদা এবং পরের পর্যায়ে বাদামী। বাচ্চা থেকে পূর্ণবয়স্ক বাদামী গাছফড়িং ছোট পাখা এবং লম্বা পাখা বিশিষ্ট হতে পারে।

ক্ষতির ধরণ : ধান গাছের গোড়ায় বসে রস শুষে খায় ফলে গাছ পুড়ে যাওয়ার রঙ ধারণ করে মরে যায়। তখন একে বলা হয় হপারবার্ন বা ফড়িং পোড়া।

আক্রমণের পর্যায় : কুশি, ফল পরিপক্ব

ফসলের যে অংশে আক্রমণ করে : কান্ডের গোঁড়ায়

পোকার যেসব স্তর ক্ষতি করে : পূর্ণ বয়স্ক , নিম্ফ

ব্যবস্থাপনা :

জমির অধিকাংশ গাছে ৪ টি ডিমওয়ালা পুর্ণ বয়স্ক স্ত্রী পোকা বা ১০ টি বাচ্চা বাদামিগাছ ফড়িং বা উভয়ই দেখা গেলে বাদামী গাছ ফড়িং দমনে আইসোপ্রোকার্ব জাতীয় কীটনাশক (যেমন মিপসিন বা সপসিন ৩০ গ্রাম) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার বিকালে স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

বিগত মৌসুমে এ পোকার আক্রমন হয়ে থাকলে ঘন করে না লাগিয়ে ধানের চারা ৩০-৪০ সেন্টিমিটার দূরে দূরে লাগানো। স্বল্প জীবনকাল সম্পন্ন ধানের আবাদ করুন।

অন্যান্য :

পরিমিত পরিমান ইউরিয়া সার ব্যবহার করুন। ধান গাছের গোড়ায় পোকা দেখা গেলে জমিতে জমে থাকা পানি শুকিয়ে নিন। আলোক ফাঁদ ব্যবহার করুন।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : চুঙ্গি

পোকা চেনার উপায় : বয়স্ক স্ত্রী পোকা এক ধরণের মথ। পূর্ণ বয়স্ক স্ত্রী পোকার পাখার উপরে দুটো কালো ফোটা আছে। পুরুষ মথের মাঝখানে ফোটা স্পষ্ট নয় ।

ক্ষতির ধরণ : পাতার উপরের অংশ কেটে ছোট ছোট চুঙ্গি তৈরি করে পোকার কীড়া ভিতরে থাকে। আক্রান্ত ক্ষেতে গাছের পাতা সাদা দেখায় এবং পাতার উপরের অংশ কেটে ফসলের ক্ষতি করে।

আক্রমণের পর্যায় : কুশি, চারা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : কীড়া

ব্যবস্থাপনা :

জমিতে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্থ হলে কার্বারিল জাতীয় কীটনাশক (যেমন সেভিন ৩০ গ্রাম) অথবা ম্যালাথিয়ন জাতীয় কীটনাশক (যেমন ফাইফানন ২০ মিলিলিটার বা সাইফানন ৫৭ ইসি ৩০ মিলিলিটার) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পরপর ২-৩ বার স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

জমি নিয়মিত পরিদর্শন করুন। আলোক ফাঁদের ব্যবস্থা করুন।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

পানি থেকে হাত জাল দিয়ে চুঙ্গি সহ কীড়া সংগ্রহ করে ধবংস করুন। আক্রান্ত জমির পানি সরিয়ে জমি শুকিয়ে নিন।

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : পাতা মোড়ানো পোকা

পোকা চেনার উপায় : পূর্ণ বয়স্ক স্ত্রী পোকা এক ধরণের মথ। গায়ের রঙ বাদামি এবং আড়াআড়ি ভাবে ২-৩ টি দাগ থাকে ।

ক্ষতির ধরণ : গাছের পাতা লম্বালম্বি ভাবে মুড়িয়ে পাতার ভিতরের সবুজ অংশ খায়। বেশী ক্ষতি হলে পাতা পুড়ে যাওয়ার মত দেখায়।

আক্রমণের পর্যায় : কুশি, চারা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা , ডগা , কচি পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : কীড়া

ব্যবস্থাপনা :

শতকরা ২৫ ভাগ পাতার ক্ষতি হলে ক্লোরপাইরিফস জাতীয় কীটনাশক (যেমন ডারসবান ২০ ইসি বা পাইক্লোরেক্স ২০ ইসি ২০ মিলিলিটার) অথবা ম্যালাথিয়ন জাতীয় কীটনাশক (যেমন ফাইফানন ২৫ মিলিলিটার) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার বিকালে স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

জমি নিয়মিত পরিদর্শন করুন। আরো বিস্তারিত জানতে নিকটস্থ কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।

অন্যান্য :

ক্ষেতে ডালপালা পুতে পোকা খেকো পাখি বসার ব্যবস্থা করুন। আলোক ফাঁদের সাহায্যে পোকা বা মথ দমণ করুন।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : পামরি পোকা

পোকা চেনার উপায় : পামরি পোকার গায়ের রং চকচকে কালো এবং গায়ে অসংখ্য কাটা আছে।

ক্ষতির ধরণ : কীড়া পাতার ভিতরে সবুজ অংশ খায়। ফলে পাতা সাদা দেখায়।

আক্রমণের পর্যায় : চারা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা , কচি পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : পূর্ণ বয়স্ক , কীড়া

ব্যবস্থাপনা :

জমিতে শতকরা ৩৫ ভাগ ক্ষতি হলে অথবা প্রতি গোছায় ৪ টি পুর্ণ বয়স্ক পোকা অথবা প্রতি কুশিতে ৫ টি কীড়া থাকলে ক্লোরপাইরিফস জাতীয় কীটনাশক (যেমন ক্লাসিক বা পাইরিফস বা লিথাল ২০ মিলিলিটার) অথবা কারটাপ জাতীয় কীটনাশক (যেমন কাটাপ বা কারটাপ বা ফরওয়াটাপ ১৬ গ্রাম) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার বিকালে স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

রোপনের পর নিয়মিত জমি পর্যবেক্ষণ করুন।

অন্যান্য :

হাতজাল বা মশারির কাপড় দিয়ে পোকা ধরে মেরে ফেলুন। আক্রান্ত পাতার উপর থেকে ২-৩ ইঞ্চি পাতা কেটে ফেলুন। আরো বিস্তারিত জানতে নিকটস্থ কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : নলি মাছি/গলমাছি

পোকা চেনার উপায় : গলমাছি দেখতে অনেকটা মশার মত, পেটটা উজ্জ্বল লাল রংয়ের।

ক্ষতির ধরণ : স্ত্রী গলমাছি পাতার নীচের পাশে ডিম পাড়ে, তবে মাঝে মধ্যে পাতার খোলের উপরও ডিম পাড়ে। এ পোকার আক্রামণের ফলে ধান গাছের মাঝখানের পাতাটা পেঁয়াজ পাতার মত নলাকার হয়ে যায়। ফলে কুশিতে আর শিষ হয় না।

আক্রমণের পর্যায় : কুশি

ফসলের যে অংশে আক্রমণ করে : আগা , কান্ড , পাতা , ডগা , কচি পাতা

পোকার যেসব স্তর ক্ষতি করে : কীড়া

ব্যবস্থাপনা :

জমিতে শতকরা ৫ ভাগ পাতায় লক্ষণ দেখা গেলে কীটনাশক ব্যবহার করুন। আক্রমনের মাত্রা বেশী হলে বালাইনাশক ব্যাবহার করা যেতে পারে হেয়াজিনন বা ডায়াজিনন জাতীয় কীটনাশক (যেমন সার্বিয়ন ৬০ ইসি ৩০ মিলিলিটার) অথবা সাইপারমেথ্রিন জাতীয় কীটনাশক (যেমন রিপকর্ড ১০ ইসি বা ওস্তাদ ২০ মিলিলিটার) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পরপর ২-৩ বার স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

রোপনের পর নিয়মিত জমি পর্যবেক্ষণ করুন।

অন্যান্য :

আলোক ফাঁদ ব্যবহার করে পূর্ণ বয়স্ক পোকা দমন করতে পারেন।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

পোকার নাম : হলুদ মাজরা

পোকা চেনার উপায় : পূর্ণ বয়স্ক স্ত্রী পোকা এক ধরনের মথ। পূর্ণ বয়স্ক স্ত্রী পোকার পাখার উপরে দুটো কালো ফোটা আছে। পুরুষ মথের মাঝখানে ফোটা স্পষ্ট নয়। মাজরা পোকার আক্রমণ হলে, কান্ডের মধ্যে কীড়া, তার খাওয়ার নিদর্শন ও মল পাওয়া যায়, অথবা কান্ডের বাইরের রং বিবর্ণ হয়ে যায় এবং কীড়া বের হয়ে যাওয়ার ছিদ্র থাকে। গাছে মাজরা পোকার ডিমের গাদা দেখলে বুঝতে হবে গাছের ক্ষতি হওয়ার সম্ভাবনা আছে। হলুদ মাজরা পোকার ডিমের গাদার ওপর হালকা ধূসর রঙের একটা আবরণ থাকে।

ক্ষতির ধরণ : কীড়াগুলো কান্ডের ভেতরে ঢুকে খাওয়া শুরু করে এবং গাছের বাড়ন্ত পর্যায়ে ধীরে ধীরে গাছের ডিগ পাতার গোড়া কেটে ফেলে। ফলে ডিগ পাতা মারা যায়। কাইচথোড় আসার পর ক্ষতি করলে সম্পূর্ণ শীষ শুকিয়ে যায় এবং সাদা শীষ বের হয়। ফুল ফোটার আগে হলে মরা ডিগ এবং ফুল ফোটার পর হলে সাদা শীষ বের হয়।

আক্রমণের পর্যায় : কুশি, শীষ অবস্থা, বাড়ন্ত পর্যায়, চারা, ফলের বাড়ন্ত পর্যায়

ফসলের যে অংশে আক্রমণ করে : কান্ড , ডগা

পোকার যেসব স্তর ক্ষতি করে : কীড়া

ব্যবস্থাপনা :

শতকরা ৫ টি মরা শীষ পাওয়া গেলে অনুমোদিত থায়োমিথোক্সাম (২০%)+ ক্লোরানিলিপ্রোল (২০%) জাতীয় কীটনাশক (যেমন ভিরতাকো ১.৫ গ্রাম) অথবা কারটাপ জাতীয় কীটনাশক (যেমন কারটাপ বা সানটাপ ২৪ গ্রাম) অথবা ফিপ্রনিল জাতীয় কীটনাশক (যেমন রিজেন্ট বা গুলি ১০-১৫ মিলি) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পরপর ২-৩ বার স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

ক্ষেতের মধ্যে ডালপালা পুঁতে পোকা খেকো পাখির বসার সুযোগ করে দিলে এরা পূর্ণবয়স্ক মথ খেয়ে এদের সংখ্যা কমিয়ে ফেলে। নিয়মিতভাবে ক্ষেত পর্যবেক্ষণের সময় মাজরা পোকার মথ ও ডিম সংগ্রহ করে নষ্ট করে ফেললে মাজরা পোকার সংখ্যা ও ক্ষতি অনেক কমে যায়। থোর আসার পূর্ব পর্যন্ত হাতজাল দিয়ে মথ ধরে ধ্বংস করা যায়।

অন্যান্য :

ডিমের গাদা সংগ্রহ করে নষ্ট করুন। হাত জাল দিয়ে পোকা দমন করুন। আমন ধান কাটার পর চাষ দিয়ে নাড়া মাটিতে মিশিয়ে বা পুড়িয়ে ফেলুন। আলোক ফাঁদের সাহায্যে পোকা মথ সংগ্রহ করে দমন করুন।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

রোগবালাই ও ব্যবস্থাপনা

রোগের নাম : পাতার লালচে রেখা রোগ

রোগের কারণ : ব্যাকটেরিয়া

ক্ষতির ধরণ : সূর্যের দিকে ধরলে এ দাগের মধ্য দিয়ে আলো প্রবেশ করে এবং পরিস্কার দেখা যায়। আস্তে আস্তে দাগগুলো বড় হয়ে লালচে রং ধারণ করে এবং পাতার পার্শ্ববর্তী বৃহৎ শিরার দিকে ছড়াতে থাকে। আক্রমণ প্রবণ জাতে ধানের পাতা পুরোটাই লালচে রঙের হয়ে মরে যেতে পারে। রোগ বিস্তারের অনুকুল অবস্থায় সারা মাঠ হলদে কমলা রঙের হয়ে যায়। এ ব্যাকটেরিয়া গাছে ক্ষত বা পাতার কোষের স্বাভাবিক ছিদ্র পথে প্রবেশ করে। পাতা পোড়া রোগের চেয়ে বেশি হলদে গুটিকা পাতার উপর সৃষ্টি হয়। বৃষ্টি এবং বাতাস এ রোগ বিস্তারে সাহায্য করে।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : বাড়ন্ত পর্যায়

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

ব্যবস্থাপনা :

৫০-১০০ গ্রাম পটাশ সার প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে ৫ শতাংশ জমিতে বিকেলে স্প্রে করতে হবে।

প্রতি ১০ লিটার পানিতে ৪০-৫০ গ্রাম কপার অক্সিক্লোরাইড অথবা ২০ গ্রাম চ্যাম্পিয়ন মিশিয়ে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে।

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

পূর্ব-প্রস্তুতি :

এ রোগ প্রতিরোধশীল জাত যেমন বিআর৩ (বিপ্লব), বিআর৪ (ব্রিশাইল), বিআর৯ (সুফলা), বিআর১০ (প্রগতি), বিআর১৪ (গাজী), বিআর১৬ (শাহীবালাম), বিআর২০ (নিজামী), বিআর২১ (নিয়ামত), বিআর২৪ (রহমত), ব্রিধান২৮, ব্রিধান২৯, ব্রিধান৩০, ব্রিধান৩৭, ব্রিধান৩৮, ব্রিধান৪০, ব্রিধান৪১, ব্রিধান৪২ ইত্যাদি চাষ করা।

বীজ শোধন করুন।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

নাড়া শুকিয়ে জমিতেই পুড়িয়ে ফেলা।

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

ফসলের বালাই ব্যবস্থাপনা, মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

রোগের নাম : পাতার ফোস্কাপড়া রোগ

রোগের কারণ : ছত্রাক

ক্ষতির ধরণ : পাতার ফোস্কাপড়া একটি বীজবাহিত রোগ। এ রোগের লক্ষণ সাধারণত বয়স্ক পাতার আগায় দেখা যায় । মাঝে মাঝে পাতার মাঝখানে বা কিনারেও হতে পারে। দাগ দেখতে অনেকটা জল ছাপের মত মনে হয় এবং বড় হয়ে অনেকটা ডিম্বাকৃতি বা আয়তাকার এবং জলপাই রঙের মত মনে হয়। দাগের ভেতর গাঢ় বাদামী চওড়া রেখা এবং হালকা বাদামী রেখা পর পর থাকে। তাতে কিছুটা ডোরাকাটা দাগের মত মনে হয়। বেশী আক্রমণে পাতা শুকিয়ে খড়ের রঙের মত হয় এবং দাগের কিনারা হালকা বাদামী এলাকার মত দেখা যায়। দাগের ক্রমাগত বৃদ্ধি পুরো পাতাতেই ছড়াতে পারে। পাতার ফোস্কাপড়া রোগ চেনার সহজ উপায় হলো আক্রান্ত পাতা কেটে স্বচ্ছ পানিতে ৫-১০ মিনিট ভিজিয়ে রাখলে যদি পুঁজ বা দুধ জাতীয় পদার্থ কাটা অংশ থেকে বের হয় তবে বুঝতে হবে ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া রোগ। আর যদি কোন কিছু বের না হয় তবে সেটা পাতার ফোস্কা রোগ।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : যেকোন অবস্থা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

ব্যবস্থাপনা :

সালফার জাতীয় ছত্রাকনাশক (যেমন কুমুলাস ৪০ গ্রাম বা গেইভেট বা মনোভিট ২০গ্রাম) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পরপর আক্রমণের শুরু থেকে মোট ২-৩ বার প্রয়োগ করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

ব্রি ধান২৭,ব্রি ধান২৮, ব্রি ধান২৯, ব্রি ধান৩০, ব্রি ধান৩১, ব্রি ধান৩৭,ব্রি ধান৩৮,ব্রি ধান৪৫ ইত্যাদি সহনশীল জাত চাষ করা।

বীজশোধন করা।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

পরিমিত মাত্রায় ইউরিয়া সার ব্যবহার করা। নাড়া জমিতে পুড়িয়ে ফেলা।

তথ্যের উৎস :

ফসলের বালাই ব্যবস্থাপনা, মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

রোগের নাম : খোল পচা

রোগের কারণ : ছত্রাক

ক্ষতির ধরণ : কেন্দ্র ধূসর এবং কিনারা বাদামী রঙের অথবা দাগটা ধূসর বাদামী রঙের হতে পারে। দাগগুলো একত্রে হয়ে বড় হয় এবং সম্পূর্ণ খোলেই ছড়াতে পারে। আক্রমণ বেশী হলে শীষ বা ছড়া আংশিক বের হয়। শীষ আবৃত খোল পঁচে যায় এবং সাদা রঙের ছত্রাক খোলের উপর মাঝে মাঝে দেখা যায়। আংশিক বের হওয়া শীষে খুব কম সংখ্যক ধান পুষ্ট হয়।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : বাড়ন্ত পর্যায় , চারা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

ব্যবস্থাপনা :

প্রোপিকোনাজল জাতীয় ছত্রাকনাশক (যেমন টিল্ট ২০ মিলি) ১০ লিটার পানিতে মিশিয়ে প্রতি ৫ শতকে ১০-১২ দিন পর পর ২-৩ বার স্প্রে করতে হবে।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

পরিমিত ইউরিয়া সার ব্যবহার করুন। বীজশোধন করতে হবে।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

আক্রান্ত খড় কুটো জমিতে পুড়িয়ে ফেলুন।

তথ্যের উৎস :

ফসলের বালাই ব্যবস্থাপনা, মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

রোগের নাম : বাকানি

রোগের কারণ : ছত্রাক

ক্ষতির ধরণ : এটি একটি বীজবাহিত রোগ। এ রোগের সবচেয়ে স্পষ্ট লক্ষণ হলো আক্রান্ত চারা স্বাভাবিক চারার চেয়ে প্রায় দ্বিগুন লম্বা হয় এবং আক্রান্ত চারার পাতা হলদে সবুজ হয়। আক্রান্ত চারাগুলো বেশী দিন বাঁচে না। আক্রান্ত গাছের কুশি লিকলিকে হয়। এদের ফ্যাকাশে সবুজ পাতা অন্যান্য গাছের উপর দিয়ে দেখা যায় এবং নীচের দিকে গিঁটে অস্থানিক শিকড়ও দেখা যেতে পারে। আক্রান্ত গাছ যদি কোন রকমে বাঁচে তবে সেগুলো থেকে চিটা ধান হয়। অধিক মাত্রায় নাইট্রোজেন সার ব্যবহার এবং ৩০-৩৫০ সেন্টিগ্রেড তাপমাত্রা এ রোগের অনুকুল পরিবেশ সৃষ্টি করে।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : বীজ , চারা

ফসলের যে অংশে আক্রমণ করে : কান্ডের গোঁড়ায় , গোঁড়া

ব্যবস্থাপনা :

বীজতলা আর্দ্র বা ভিজে রাখুন। আক্রান্ত গাছ তুলে পুড়িয়ে ফেলা। চারা লাগানোর ক্ষেত আক্রান্ত হলে আক্রান্ত জমির পানি শুকিয়ে ফেলুন।

পূর্ব-প্রস্তুতি :

সুষম মাত্রায় সার প্রয়োগ করুন। কিছুটা প্রতিরোধ সম্পন্ন ধানের জাত যেমন-বিআর১৪, ব্রি ধান২৮, ব্রি ধান৪২, ব্রি ধান৪৪ ও ব্রি ধান৪৫ এর চাষ করা। বীজ শোধন করে বীজ বপন করুন।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

আক্রান্ত গাছের পরিত্যক্ত অংশ সংগ্রহ করে নষ্ট করুন। একই জমি বীজতলার জন্য ব্যবহার না করা।

তথ্যের উৎস :

ফসলের বালাই ব্যবস্থাপনা, মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

রোগের নাম : ধানের বাদামি দাগ

রোগের কারণ : ছত্রাক

ক্ষতির ধরণ : পাতায় প্রথমে ছোট ছোট বাদামি দাগ দেখা যায় । দাগ গুলো আস্তে আস্তে বড় হয়ে তিলের বীজের আকার ধারণ করে। দাগের মাঝ খানটা হালকা বাদামি রঙের হয়। অনেক সময় দাগের চারিদিকে হলুদ আভা দেখা যায়। বীজ আক্রান্ত হলে হালকা থেকে গাড় বাদামি দাগ দেখা যায় ।বেশির ভাগ ক্ষেত্রে দানাগুলো ছোট হয়ে থাকে। তবে অনুকূল আবহাওয়ায় আক্রমণ তীব্র হলে পুরো বীজ বাদামি হয়ে যায় এমনকি চালেও বাদামি দাগ দেখা যায় ।মাটিতে জৈব পদার্থের ঘাটতি, রোগাক্রান্ত বীজের ব্যবহার এবং মাটিতে নাইট্রোজেন, পটাশ, দস্তা এবং পানির অভাব এ রোগের অনুকূল অবস্থা ।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : যেকোন অবস্থা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা , বীজ

ব্যবস্থাপনা :

বীজতলা বা জমি পানিতে ভেজা রাখা। অধিক পরিমাণে জৈব সার ব্যবহার করা। সুষম মাত্রায় সার ব্যবহার করা। প্রতি ১০ লিটার পানিতে ৬০ গ্রাম পটাশ সার ও ৬০ গ্রাম সালফার (৮০%) মিশিয়ে জমিতে স্প্রে করা ।

পূর্ব-প্রস্তুতি :

বীজ শোধন করে বীজ বপন করুন।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

সুষম সারের ব্যবহার, অধিক পরিমাণে জৈব সার ব্যবহার এবং সঠিক পানি ব্যবস্থাপনা ।

তথ্যের উৎস :

ফসলের বালাই ব্যবস্থাপনা, মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

রোগের নাম : লক্ষীর গু

রোগের স্থানীয় নাম : ভূয়াঝুল

রোগের কারণ : ছত্রাক

ক্ষতির ধরণ : ছত্রাক ধানে চাল হওয়ার শুরুতেই আক্রমণ করে এবং বাড়ন্ত চালকে নষ্ট করে বড় গুটিকা সৃষ্টি করে। গুটিকার ভেতরের অংশ হলদে কমলা রং এবং বহিরাবরণ সবুজ অথবা কাল হয়। কচি গুটিকাগুলো ১ সেমি এবং পরিপক্ক অবস্থায় আরও বড় আকারের হতে পারে। সাধারণত কোন শীষে কয়েকটা ধানের বেশী আক্রমণ হতে দেখা যায় না।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : শীষ অবস্থা

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা , কচি পাতা

ব্যবস্থাপনা :

আক্রমনের শুরুতেই কার্বেন্ডাজিম জাতীয় ছত্রাকনাশক (যেমন-এইমকোজিম ২০ গ্রাম) প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে প্রতি ৫ শতকে ১২-১৫ দিন পর পর ২-৩ বার ভালভাবে স্প্রে করতে হবে।

বালাইনাশকেরবিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

বীজ শোধন করুন।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

ফসলের বালাই ব্যবস্থাপনা, মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

রোগের নাম : ধানের কান্ড পচা রোগ

রোগের কারণ : ছত্রাক

ক্ষতির ধরণ : জমির পানির উপরের তল বরাবর কুশির বাইরের দিকের খোলে আক্রমণ করে রোগ সৃষ্টি করে। প্রথমে গাছের বাইরের খোলে কালচে গাঢ়, অনিয়মিত দাগ পড়ে এবং আস্তে আস্তে বড় হয়। পরে ছত্রাক গাছের কান্ডের ভেতরে ঢুকে পড়ে এবং পচিয়ে ফেলে। যার ফলে গাছ হেলে ভেঙ্গে পড়ে এবং ধান চিটা ও অপুষ্ট হয়।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : কুশি , বাড়ন্ত পর্যায়

ফসলের যে অংশে আক্রমণ করে : কান্ড

ব্যবস্থাপনা :

থায়োপেনেট মিথাইল জাতীয় ছত্রাকনাশক (টপসিন এম ৭০ ডব্লিউপি) ২০ গ্রাম ১০ লিটার পানিতে মিশিয়ে ১০-১৫ দিন পর পর স্প্রে করুন।

বালাইনাশকেরবিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

এ রোগের প্রতি কিছুটা সহনশীল জাতের ধান যেমন- বিআর ১১, বিআর ১৪, বিআর২৯, ব্রিধান ৩০, ব্রিধান ৩১, ব্রিধান ৪০, ব্রিধান ৪২, ব্রিধান ৪৪, ব্রিধান ৪৫, ব্রিধান ৪৬, ব্রিধান ৪৭ ইত্যাদির চাষ করা।

বীজ শোধন করুন।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

ঘন করে চারা না লাগানো। সুষম সার ব্যবহার করা। মাঝে মাঝে রোপা জমি থেকে পানি সরিয়ে জমি শুকানো।

তথ্যের উৎস :

ফসলের বালাই ব্যবস্থাপনা, মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১২/০২/২০১৮।

রোগের নাম : ব্লাষ্ট

রোগের কারণ : ছত্রাক

ক্ষতির ধরণ : ব্লাস্ট রোগটি ধানের পাতা, গিঁট , শিষের গোড়া বা শাখা-প্রশাখা এবং বীজে আক্রমণ করে থাকে। আক্রান্ত পাতায় হালকা ধূসর বা নীলচে রঙের ভিজা ভিজা দাগ দেখা যায়। আস্তে আস্তে তা বড় হয়ে মাঝ খানটা ধূসর অথবা সাদা এবং কিনারা বাদামি রঙ ধারণ করে। দাগগুলো

লম্বাটে হয়, দেখতে অনেকটা চোখের মতো। দাগ গুলো একত্রে মিলে গিয়ে পূরো পাতা মরে যায়। গিঁট আক্রান্ত হলে পঁচে গিয়ে কালচে হয় এবং সহজেই ভেঙ্গে যায়। ছড়া বা শিষের গোড়া আক্রান্ত হয়। আক্রান্ত অংশ কালচে হয়ে ভেঙ্গে যেতে পারে যাকে শীষ ব্লাস্ট বলে। অধিক মাত্রায় নাইট্রোজেন সার এবং বাতাসের আর্দ্রতা এ রোগের প্রকোপ বাড়ায়। এ ছাড়া রাতে ঠান্ডা, দিনে গরম ও সকালে শিশির পড়া এ রোগের প্রকোপ বাড়ায়। মাঠে এ রোগের আক্রমণ ব্যাপক হলে পুড়ে বসে যাওয়ার মত হয়।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : চারা , পূর্ণ বয়স্ক , সব

ফসলের যে অংশে আক্রমণ করে : কান্ড , পাতা , ফল

ব্যবস্থাপনা :

রোগের প্রাথমিক অবস্থায় বিঘা প্রতি ৫ কেজি পটাশ সার উপরি প্রয়োগ করা । তাছাড়া টেবুকোনাজল+ট্রাইফ্লক্সিস্ট্রবিন জাতীয় ছত্রাকনাশক (যেমন ৫ গ্রাম নাটিভো) ১০ লিটার পানিতে মিশিয়ে প্রতি ৫ শতকে ১০-১২ দিন পর পর ২-৩ বার স্প্রে করতে হবে।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

রোগমুক্ত জমি থেকে বীজ সংগ্রহ করুন। ব্লাস্ট প্রতিরোধক জাতের ধান বিআর৩, বিআর৫, বিআর১৪, বিআর১৫, বিআর১৬, বিআর২৫, বিআর৬, ব্রি ধান২৮, ব্রি ধান৩২, ব্রি ধান৩৩ ,ব্রি ধান৪৪, ব্রি ধান৪৫ এবং ব্রি ধান৪৬ ইত্যাদি চাষ করা। বীজ শোধন করুন।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

জমিতে জৈবসার প্রয়োগ ও পানি ধরে রাখুন। সুষম মাত্রায় সার প্রয়োগ করুন।

তথ্যের উৎস :

ফসলের বালাই ব্যবস্থাপনা, মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১৮/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১৮/০২/২০১৮।

রোগের নাম : উফরা

রোগের কারণ : কৃমি

ক্ষতির ধরণ : এ কৃমি ধান গাছের পাতায় কচি অংশের রস শুষে খায়, ফলে প্রথমত পাতার গোড়ায় সাদা ছিটা-ফোটা দাগের মত দেখায়। সাদা দাগ ক্রমে বাদামী রঙের হয় এবং পরে এ দাগ বেড়ে সম্পূর্ণ পাতাটাই শুকিয়ে ফেলে। অধিকাংশ ছড়াই মোচড় খেয়ে যায় ও ধান চিটা হয়। কোন কোন ছড়া মোটেই বের হয় না। এ রোগের জীবাণু জল স্রোতের সাথে এক জমি থেকে অন্য জমিতে যায়। বিশেষত জলী আমন ধানে এরূপ হয়ে থাকে।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : কুশি , চারা

ফসলের যে অংশে আক্রমণ করে : কান্ড , পাতা

ব্যবস্থাপনা :

কার্বোফুরান জাতীয় বালাইনাশক (যেমন ফুরাডান ৫ জি, প্রতি বিঘায় ২ কেজি করে) প্রয়োগ করুন এবং এরপর নিড়ানী দিন ও চূড়ান্ত ভাবে গাছ পাতলা করে দিন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

যেখানে সম্ভব সেখানে বছরের প্রথম বৃষ্টির পর জমি চাষ দিয়ে ১৫-২০ দিন পর শুকানো। জলি আমন এলাকায় সহনশীল জাত যেমন রায়দা এবং বাজাইল পরপর কয়েকবার আবাদ করা। ঘাস জাতীয় আগাছা, মুড়ি ধান বা ঝরে পড়া ধান (বিকল্প পোষক) সবসময় দমন করা।

অন্যান্য :

ধানের পর ধান আবাদ না করে অন্য ফসলের চাষ করুন। প্রাথমিক অবস্থায় রোগ ধরতে পারলে গাছের আগা ছেটে দিতে হবে।

তথ্যের উৎস :

ফসলের বালাই ব্যবস্থাপনা, মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১৮/০২/২০১৮।

ধান উৎপাদন প্রযুক্তি বিষয়ক তথ্য ভান্ডার, ১৮/০২/২০১৮।

রোগের নাম : পাতা পোড়া

রোগের কারণ : ব্যাকটেরিয়া

ক্ষতির ধরণ : আক্রান্ত গাছের নিচের পাতা প্রথমে নুয়ে পড়ে এবং শুকিয়ে মারা যায়। এভাবে গোছার সকল পাতাই মরে যেতে পারে। এ অবস্থাকে ক্রিসেক বা নেতিয়ে পড়া রোগ বলা হয়। চারা বা প্রাথমিক কুশি বের হওয়ার সময় গাছের পাতা বা পুরো গাছটি ঢলে পড়ে। মাঝে মাঝে আক্রমণ প্রবণ জাতের ধানে পাতাগুলো ফ্যাকাশে হলদে রঙের হয়। গাছের বয়স্ক পাতাগুলো স্বাভাবিক সবুজ থাকে, কিন্তু কচি পাতাগুলো সমানভাবে ফ্যাকাশে হলদে হয়ে আস্তে আস্তে শুকিয়ে মারা যায়। পাতা পোড়া রোগের লক্ষণের ক্ষেত্রে প্রথমে পাতার কিনারা অথবা মাঝে নীলাভ সবুজ রঙের জলছাপের মত রেখা দেখা যায়। দাগগুলো পাতার এক প্রান্ত, উভয় প্রান্ত বা ক্ষত পাতার যে কোন জায়গা থেকে শুরু হয়ে আস্তে আস্তে সমস্ত পাতাটি ঝলসে বা পুড়ে খড়ের মত হয়ে শুকিয়ে যায়। আক্রমণ প্রবণ জাতের ধানে দাগগুলো পাতার খোলের নিচ পর্যন্ত যেতে পারে। এক সময়ে সম্পূর্ণ পাতাটি ঝলসে যায় বা পুড়ে খড়ের মত হয়ে শুকিয়ে যায়। রোগ সমস্ত জমিতে ছড়িয়ে পড়লে পুড়ে গেছে বলে মনে হয়।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : যেকোন অবস্থা

ফসলের যে অংশে আক্রমণ করে : কান্ড , পাতা , কান্ডের গোঁড়ায়

ব্যবস্থাপনা :

রোগ দেখা দিলে বিঘা প্রতি অতিরিক্ত ৫ কেজি হারে পটাশ সার উপরি প্রয়োগ করুন। চারা উঠানোর সময় যেন শিকড় কম ছেঁড়ে সেদিকে লক্ষ্য রাখতে হবে। রোগের প্রাথমিক অবস্থায় পটাশ সার এবং ৮০% সালফার প্রতি ১০ লিটার পানিতে ৬০ গ্রাম করে মিশিয়ে স্প্রে করা।

পূর্ব-প্রস্তুতি :

সুষম মাত্রায় সার প্রয়োগ করতে হবে। এ রোগ দমনের জন্য বিআর২ (মালা), বিআর৩ (বিপ্লব), বিআর৪ (ব্রিশাইল), বিআর১৪, বিআর১৬, বিআর১৯ (মঙ্গল), বিআর২১ (নিয়ামত), বিআর২৬ (শ্রাবণী), ব্রি ধান২৭, ব্রি ধান২৮, ব্রি ধান২৯, ব্রিধান৩১, ব্রি ধান৩২, ব্রি ধান৩৭, ব্রি ধান৩৮, ব্রি ধান৪০, ব্রি ধান৪১, ব্রিধান৪২, ব্রি ধান৪৪, ব্রি ধান৪৫ ও ব্রি ধান৪৯ ইত্যাদি রোগ প্রতিরোধক্ষমতাসম্পন্ন জাতের ধান চাষ করা। বীজ ও জমির মাটি শোধন।

জমি শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

রোগাক্রান্ত জমির ফসল কাটার পর নাড়া পুড়িয়ে ফেলতে হবে। ঝরো বৃষ্টির পর ইউরিয়া সার দিবেন না। রোগ দেখার পর ইউরিয়া উপরি প্রয়োগ বন্ধ করুন ।

তথ্যের উৎস :

ফসলের বালাই ব্যবস্থাপনা,মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

ধান চাষের সমস্যা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, ৫ম সংস্করণ, জুন ২০১৬।

রোগের নাম : টুংরো

রোগের কারণ : ভাইরাস। সবুজ পাতাফড়িং টুংরো রোগ ছড়ায়।

ক্ষতির ধরণ : গাছের সমস্ত পাতার উপরের দিক গাড় হলদে বা কমলা হলুদ রঙের হয় । গাছের কচি পাতা হলদে, চওরা, খাটো বা মোচড়ানো হয়। গাছের বাড় বাড়তি ও কুশি কম হয়। আক্রান্ত পাতাগুলো নুয়ে পড়ে। একাধিক পাতার গোঁড়া বা খোল একত্রে পুরানো পাতার খোলের মধ্যে আটকে থাকে ।

ফসলের যে পর্যায়ে আক্রমণ করে : কুশি , বাড়ন্ত পর্যায় , ফলের বাড়ন্ত পর্যায়

ফসলের যে অংশে আক্রমণ করে : পাতা

ব্যবস্থাপনা :

টুংরো আক্রান্ত জমির আশে পাশে বীজতলা করা থেকে বিরত থাকতে হবে,আড়ালি ঘাস, বাওয়া ধান নিধন করতে হবে। বাহক পোকা দমনে আইসোপ্রোকার্ব জাতীয় কীটনাশক (যেমনন মিপসিন বা সপসিন ৩০ গ্রাম) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার বিকালে স্প্রে করুন।

বালাইনাশকের বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন

বালাইনাশক ব্যবহারের সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

পূর্ব-প্রস্তুতি :

রোগ সহনশীল জাত যেমন বিআর২২, বিআর২৩, ব্রি ধান২৭, ব্রি ধান৩১ ও ব্রি ধান৪১ ইত্যাদি চাষ করা। বীজ শোধন করতে হবে।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

অন্যান্য :

রোগাক্রান্ত গাছ তুলে মাটিতে পুতে ফেলতে হবে। আলোক ফাঁদ ব্যবহার করে বাহক পোকা সবুজ পাতা ফড়িং নিয়ন্ত্রণ করুন। এ জমি থেকে উৎপাদিত ধান বীজ হিসেবে রাখা যাবে না।

আলোক ফাঁদ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

তথ্যের উৎস :

ধান চাষের সমস্যা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, ৫ম সংস্করণ, জুন ২০১৬।

ফসলের বালাই ব্যবস্থাপনা,মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

ধান এর ফসল তোলা এবং সংরক্ষণের তথ্য

ফসল তোলা : শিষের অগ্রভাগের শতকরা ৮০ ভাগ ধানের চাল শক্ত আকার ধারন করলে এবং শিষের নিচের অংশে শতকরা ২০ ভাগ ধানের চাল আংশিক শক্ত ও স্বচ্ছ হলে ধান ঠিকমত পেকেছে বলে ধরে নেয়া হয়। তখন আর দেরি না করে ধান কাটতে হবে।

ফসল সংরক্ষণের পূর্বে :

ধান কাটার পর যত তাড়াতাড়ি সম্ভব মাড়াই করতে হবে। কাঁচা খলায় ধান মাড়াই করতে চাটাই, চট হোগলা বা পলিথিন বিছিয়ে নিতে হবে। তাতে ধানের রঙ উজ্জ্বল ও পরিষ্কার থাকে। মাড়াই করার পর ধান অন্তত ৪-৫ দিন রোদে ভালভাবে শুকিয়ে নিতে হবে যেন আর্দ্রতা শতকরা ১২ ভাগের নিচে থাকে।

প্রক্রিয়াজাতকরণ :

পুষ্ট ধান বাছাই করতে কূলা দিয়ে কমপক্ষে দুই বার অথবা ধানের পরিমাণ বেশী হলে ব্রি পাওয়ার উইনোয়ার দ্বারা ঝাড়াই করা যায়। ঝাড়াই করার পর ৪-৫ দিন রোদে ভালভাবে শুকিয়ে নিতে হবে।

সংরক্ষণ : শুকানো ধান ঠান্ডা করে বস্তা বা চটের ব্যাগে অথবা আর্দ্রতা রোধক মোটা পলিথিনের ব্যাগে ধান সংরক্ষণ করতে হবে। ধান সংরক্ষনের জন্য আর্দ্রতার পরিমান শতকরা ১৪ ভাগ এর নিচে রাখতে হবে অথবা দাঁত দিয়ে ধান কাটলে যদি শুকনা কটকট শব্দ হয় বুঝতে হবে ধান ঠিক মতো শুকিয়ে গেছে। টন প্রতি ধানে ৩.২৫ কেজি নিম, নিশিন্দা বা বিষকাটালী শুকনা পাতার গুড়া মিশিয়ে সংরক্ষণ করা হলে পোকার আক্রমণ হয় না। ধান ভর্তি বস্তা স্যাত স্যাতে জায়গায় না রেখে উচু শুকনা জায়গায় রাখতে হবে।

তথ্যের উৎস :

আধুনিক ধানের চাষ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ২০তম সংস্করণ, জুন-২০১৭।

বীজ সংরক্ষণ:

বীজ ধান আলাদা ভাবে মাড়াই ঝাড়াই করে ভাল ভাবে রোদে শুকিয়ে সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। নিম্নে বর্নিত পদক্ষেপগুলো যথাযথ ভাবে অনুসরণ করতে হবে।

* বীজ সংরক্ষনের আগে পরপর ৫-৬ দিন রোদে অথবা প্রয়োজনে ড্রয়ারের সাহায্যে ভালভাবে শুকিয়ে নিতে হবে যাতে বীজের আর্দ্রতা শতকরা ১২ ভাগের নিচে থাকে। দাঁত দিয়ে বীজ কাটলে যদি কট করে শব্দ করে তাহলে বুঝতে হবে বীজ সঠিকমত শুকিয়েছে।

* কুলা দিয়ে ঝেড়ে বা ১.৭৫-২.৫০ মিলি মিটার (জাতের উপর নির্ভর করে) ছিদ্র বিশিষ্ট তারের তৈরি চালনি দিয়ে পুষ্ট ধান বাছাই করে নিতে হবে।

*বায়ূরোধী পাত্রে বীজ রাখতে হবে। এজন্য তেলের ড্রাম, বিস্কুট বা কেরোসিনের টিন প্রভৃতি ধাতব পাত্র ব্যবহার করা। তবে বীজ ব্যবহারের পূর্বে পাত্র ভালভাবে পরিষ্কার করে রোদে শুকিয়ে নিতে হবে।

* ধাতব পাত্র ব্যবহার করা সম্ভব না হলে প্লাষ্টিকের ড্রাম, মাটির মটকা, কলস বা মোটা পলথিনের থলি ব্যবহার করা। মাটির পাত্র হলে পাত্রের বাহিরের গায়ে আলকাতরা দিয়ে দুবার প্রলেপ দিতে হবে।

* রোধে শুকানো বীজ ঠান্ডা করে পাত্রে ভরতে হবে। যদি পাত্রটি সম্পুর্ন বীজ দিয়ে ভর্তি না হয়। তবে বীজের উপর কাগজ বিছিয়ে তার উপর শুকনো বালি দিয়ে পাত্রটি ভরাট করতে হবে।

* পাত্রের মুখ এমন ভাবে বন্ধ করতে হবে জাতে বাতাস ঢুকতে না পারে। বীজের পাত্র মাচা বা কাঠের উপর রাখতে হবে। কোন ভাবেই স্যাঁত স্যাঁতে জায়গায় সংরক্ষণ করা উচিত নয়।

* সংরক্ষণ করা বীজ মাঝে মাঝে পরীক্ষা করে দেখতে হবে তাতে কোন পোকামাকড় বা ইদুর ক্ষতি করছে কি না। প্রয়োজনে বীজ মাঝে মাঝে রোদে শুকিয়ে নিতে হবে।

* প্রতি মন বীজ ধানে ১২০ গ্রাম নিম, নিশিন্দা বা বিশকাটালী পাতার গুড়ো মিশিয়ে গুদামজাত করলে পোকার আক্রমন হয় না।

তথ্যের উৎস :

আধুনিক ধানের চাষ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ২০তম সংস্করণ, জুন-২০১৭।

ধান এর কৃষি উপকরণ

বীজপ্রাপ্তি স্থান :

১। বিএডিসি ও সরকারি অনুমোদিত সকল বীজ ডিলার।

২। বিশ্বস্ত বীজ উৎপাদনকারী চাষী।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) বীজ বিক্রয়কেন্দ্রের তথ্য পেতে ক্লিক করুন

সার ও বালাইনাশক প্রাপ্তিস্থান :

নিকটস্থ বাজারের অনুমোদিত বালাইনাশক বিক্রেতার নিকট হতে বালাইনাশকের মেয়াদ যাচাই করে বালাইনাশক কিনুন।

সারডিলারের তথ্য পেতে ক্লিক করুন

তথ্যের উৎস :

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), ১৬/০২/২০১৮।

ফসল : ধান

যন্ত্রের ধরন : ফসল কাটা

যন্ত্রের পরিচালনা পদ্ধতি :

হস্ত চালিত/ কায়িক

যন্ত্রের ক্ষমতা : হস্ত চালিত/ কায়িক

যন্ত্রের উপকারিতা :

১। যন্ত্র দ্বারা চারা রোপণে একর প্রতি শ্রমিক লাগের১ জন এবং গতানুগতিক পদ্ধতিতে (হাতে) লাগে ০৮ জন। এক্ষেত্রে সাশ্রয় ৮৭%।

২। যন্ত্র দ্বারা একর প্রতি খরচ ৩৬৫/-, সময় লাগে ১.৫ ঘণ্টা এবং গতানুগতিক পদ্ধতিতে (হাতে) খরচ ৩২০০/-, সময় লাগে ৮ ঘণ্টা । অর্থাৎ এক্ষেত্রে খরচ সাশ্রয় ৮০% এবং সময় সাশ্রয় ৮২% ছাড়াও একর প্রতি প্রায় ৮% ধান বেশি পাওয়া যায়।

যন্ত্রের বৈশিষ্ট্য :

১। ধান ও গম কাটা যায়।

২। হেলে পড়া ফসল কাটতে পারে।

রক্ষণাবেক্ষণ : ব্যবহারের পর মাটি ও পানি ধুয়ে মুছে পরিষ্কার করে রাখুন।

তথ্যের উৎস :

খামার যান্ত্রিকীকরন এর মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প- ২য় পর্যায় (২য় সংশোধিত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডি এ ই), খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫। জানুয়ারি,২০১৮।

যন্ত্রের নাম : রাইস ট্রান্সপ্লানটার (ওয়াকিং টাইপ)

যন্ত্রের ধরন : অন্যান্য

যন্ত্রের পরিচালনা পদ্ধতি :

হস্ত চালিত/ কায়িক

যন্ত্রের ক্ষমতা : হস্ত চালিত/ কায়িক

যন্ত্রের উপকারিতা :

১। যন্ত্র দ্বারা চারা রোপণে একর প্রতি শ্রমিক লাগে ২ জন এবং গতানুগতিক পদ্ধতিতে (হাতে) লাগে ১২ জন। এক্ষেত্রে সাশ্রয় ৮৩%।

২। যন্ত্র দ্বারা একর প্রতি খরচ ১৬০০/-, বীজ লাগে ১০ কেজি এবং গতানুগতিক পদ্ধতিতে (হাতে) খরচ ৪৫০০-৫০০০/-, বীজ লাগে ১৫ কেজি। অর্থাৎ এক্ষেত্রে খরচ সাশ্রয় ৬৭% ছাড়াও একর প্রতি প্রায় ৮% ধান বেশি পাওয়া যায়।

রক্ষণাবেক্ষণ : ব্যবহারের পর মাটি ও পানি ধুয়ে মুছে পরিষ্কার করে রাখুন।

তথ্যের উৎস :

খামার যান্ত্রিকীকরন এর মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প- ২য় পর্যায় (২য় সংশোধিত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডি এ ই), খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫। জানুয়ারি,২০১৮।

যন্ত্রের নাম : মিনি কম্বাইন হারভেস্টার

যন্ত্রের ধরন : ফসল কাটা

যন্ত্রের পরিচালনা পদ্ধতি :

হস্ত চালিত/ কায়িক

যন্ত্রের ক্ষমতা : হস্ত চালিত/ কায়িক

যন্ত্রের উপকারিতা :

১। ১ ঘণ্টায় ১ বিঘা (৩৩ শতক) জমির ধান কাটা, মাড়াই করা যায়।

২। যন্ত্র দ্বারা একর প্রতি খরচ ২৫০০-৩০০০/- এবং গতানুগতিক পদ্ধতিতে (শ্রমিক দিয়ে) খরচ ৭০০০-৮০০০/-। অর্থাৎ এক্ষেত্রে খরচ সাশ্রয় ৬০-৬৫% ছাড়াও একর প্রতি প্রায় ২% ধান বেশি পাওয়া যায়।

যন্ত্রের বৈশিষ্ট্য :

১। ধান কাটা, মাড়াই ও বস্তায় ভরা একই সাথে করা যায়।

২। মাড়াইকৃত খড় আস্ত থাকে(টুকরো টুকরো হয় না) ৩। হেলে পরা ফসল কাটতে পারে।

রক্ষণাবেক্ষণ : ব্যবহারের পর মাটি ও পানি ধুয়ে মুছে পরিষ্কার করে রাখুন।

তথ্যের উৎস :

খামার যান্ত্রিকীকরন এর মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প- ২য় পর্যায় (২য় সংশোধিত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডি এ ই), খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫। জানুয়ারি,২০১৮।

ধান এর বাজারজাত করণের তথ্য

প্রথাগত ফসল পরিবহন ব্যবস্থা :

গরুর গাড়ী, ঠেলা গাড়ী, রিক্সা-ভ্যান।

আধুনিক ফসল পরিবহন ব্যবস্থা :

ট্রাক ও ট্রলি ভ্যান।

আধুনিক পদ্ধতিতে বাজারজাত করণ :

ফসল বাজারজাতকরনের বিস্তারিত তথ্য পেতে ক্লিক করুন

তথ্যের উৎস :

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।